

الْقَادِر

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬৯ তম নাম ‘القادر’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘القادر’ শব্দের মূল ر - د - ق, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৩২ বার এসেছে। শক্তিমান, হুকুম দেয়া, আইন বিধিবদ্ধ করা, শক্তি, সক্ষম হওয়া ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ القادر অর্থ: ‘তিনি শক্তিমান’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَإِنْ تُبَدُّوا مَا فِي أَنْفُسِكُمْ أَوْ تُخْفَوْهُ يُحَاسِبِكُمْ بِهِ اللَّهُ فَيَعْفُرُ لِمَنْ يَشَاءُ وَيُعَذِّبُ مَنْ يَشَاءُ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٨٤﴾

একমাত্র আল্লাহই মালিক যা কিছু রয়েছে মহাকাশে আর যা কিছু রয়েছে এই পৃথিবীতে। তোমাদের মনে যা কিছু আছে তা তোমরা প্রকাশ করো কিংবা গোপন রাখো, আল্লাহ অবশ্যই তোমাদের থেকে তার হিসাব গ্রহণ করবেন। তারপর যাকে ইচ্ছা ক্ষমা করে দেবেন, আর যাকে ইচ্ছা আযাবে নিষ্ক্ষেপ করবেন। আর আল্লাহ সকল কাজে সর্বশক্তিমান। (সূরা আল বাকারা: আয়াত নং ২৮৪)

قُلْ هُوَ الْقَادِرُ عَلَىٰ أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِّنْ فَوْقِكُمْ أَوْ مِنْ تَحْتِ أَرْضِكُمْ أَوْ يَلْبَسَكُمْ شَيْعًا وَيُذِيقَ بَعْضَكُمْ بَأْسَ بَعْضٍ أَنْظُرْ كَيْفَ نُصَرِّفُ الْآيَاتِ لَعَلَّهُمْ يَفْقَهُونَ ﴿٦٥﴾

বলো: তিনি সক্ষম উপর থেকে তোমাদের প্রতি আযাব পাঠাতে, অথবা তোমাদের পদদল থেকে, কিংবা তোমাদেরকে বিভিন্ন দলে বিভক্ত করতে এবং পরস্পরের বিরুদ্ধে সংঘর্ষ বাধিয়ে দেয়ার স্বাদ আশ্বাদন করতে। দেখো, আমরা কিভাবে আয়াতসমূহ বর্ণনা করেছি যাতে করে তারা বোঝে। (সূরা আল আনআম: আয়াত নং ৬৫)

أَوَلَمْ يَرَوْا أَنَّ اللَّهَ الَّذِي خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَلَمْ يَغَيِّ بِخَلْقِهِنَّ بِقَادِرٍ عَلَىٰ أَنْ يُخَيِّقَ الْمَوْتَىٰ بَلَىٰ إِنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٣٣﴾

তারা কি দেখে না যে, আল্লাহই সৃষ্টি করেছেন মহাকাশ এবং পৃথিবী, এসবের সৃষ্টিতে তিনি কোন প্রকার ক্লান্তি বোধ করেন নি। তিনি মৃতকে জীবিত করতেও সক্ষম। হ্যাঁ, তিনি প্রতিটি বিষয়ই সর্বশক্তিমান। (সূরা আল আহকাফ: আয়াত নং ৩৩)

আবু দাউদ শরীফের হাদীস:

যদি কেউ সর্বদা প্রতিনিয়ত আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে, আল্লাহ তার দুঃখ-বেদনা এবং উদ্বেগ দূর করার রাস্তা বের করবেন এবং তার জীবিকার ব্যবস্থা করবেন এমন স্থান থেকে যা সে আশা করে নি।

প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা আল্লাহ ও রাসূলের নির্দেশ মোতাবেক দুনিয়ায় জীবন যাপন করি এবং প্রতিনিয়ত আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করি। আল্লাহর সাথে কাউকে শরিক না করি। শিরক মুক্ত জীবন যাপনের তৌফিক আল্লাহ আমাদের দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।